

পাইকা অক্ষর চাই

পাখির কাকলি শোনা যায়।
ভাবছি যে ভবিষ্যতে আমার কবিতা
কেবল পাইকা অক্ষরে
ছাপবার অনুরোধ করবো সম্পাদককে। এমন কি এই
বর্তমানে যে কবিতা লিখছি সেটিকে
পাইকা অক্ষরে শুধু ছাপাবার অনুরোধ করছি সম্পাদককে কারণ আমার
দৃষ্টি শক্তি কমে গেছে--- স্নল পাইকার
ছাপা পড়া কষ্টকর। সেহেতু হে সম্পাদক এখন থেকেই
আরম্ভকন ছাপা -- আমার কবিতা ছাপা পাইকা অক্ষরে

বিনয় মজুমদার

